

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION


সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আঘাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-১৭৩/২০২২

তারিখ: ২৫/০৭/২০২২খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস: অটোমেশন শাখা এর নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০ (অংশ-১)/৪০০
তারিখ: ২৪.০৭.২০২২ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলে।


দেবশীষ চৌধুরী
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: অটোমেশন শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০(অংশ-১)/৪০০

তারিখ: ২৪/০৭/২০২২ খ্রি.

বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ড এর অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এবং কাস্টমস সংক্রান্ত সেবা সহজীকরণের লক্ষ্যে ১৬১৩৪
হটলাইন নম্বর চালুকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আমদানি-রপ্তানি প্রক্রিয়া সহজীকরণ এবং দ্রুততম সময়ে
ঝুঁকি হ্রাসপূর্বক রাজস্ব আহরণের লক্ষ্যে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম ব্যবহার করা হয়। বর্তমানে জাতীয় রাজস্ব বোর্ডের
অধিভুক্ত ০৬ (ছয়) টি কাস্টম হাউস, ২৬ (ছাব্বিশ) টি কাস্টমস স্টেশন, ২০ (বিশ) টি অফ-ডক এবং ইপিজেডসমূহে
অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এর মাধ্যমে শুঙ্কায়ন কার্যক্রম চালু রয়েছে। কাস্টমস অফিসগুলোতে কর্মরত কর্মকর্তাগণ, বন্দর
কর্তৃপক্ষ, বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক, বাংলাদেশ বিমান, শিপিং এজেন্ট, সিএন্ডএফ এজেন্ট, হেইট ফরওয়ার্ডার্স, ফিডার
অপারেটর এবং সকল কমার্শিয়াল ব্যাংকসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এই সিস্টেমের প্রাথমিক ব্যবহারকারী।
ভবিষ্যতে আরো সরকারি বেসরকারি সংস্থার সাথে আন্তঃসংযোগ স্থাপনের মাধ্যমে আমদানি-রপ্তানি প্রক্রিয়া অধিকতর ডিজিটাল
ব্যবস্থায় রপান্তর করা হবে।

০২। আমদানি-রপ্তানি প্রক্রিয়া সংশ্লিষ্ট সকল অংশীজন যেন অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এবং কাস্টমস সংক্রান্ত সকল বিষয়ে
দ্রুততম সময়ে কাজীকৃত সেবা পান সে লক্ষ্যে ১৬১৩৪ হটলাইন নম্বর চালু করা হয়েছে। এ হটলাইনের মাধ্যমে কাস্টমস
সংক্রান্ত সেবা, সেবা সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল তথ্য ও পরামর্শসহ দেশে বিদ্যমান কাস্টমস সংক্রান্ত আইন ও বিধি-বিধান
সম্পর্কে জানতে পারছেন। হটলাইনের কার্যক্রম প্রতি কর্মদিবসের সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত চালু রয়েছে এবং
হটলাইনে সেবা পেতে নিয়মিত কল চার্জ প্রযোজ্য রয়েছে।

০৩। উল্লেখ্য যে, বিগত ১৫ই মে, ২০২২ খ্রি. তারিখ হতে বর্ণিত হটলাইন নম্বর হতে সেবা পাওয়া যাচ্ছে। কাস্টমস সংশ্লিষ্ট
সকল অংশীজনের বিভিন্ন জিজ্ঞাসা, সমস্যার সমাধান এবং আমদানি রপ্তানি প্রক্রিয়ায় গতিশীলতা আনয়নের লক্ষ্যে হটলাইন
নম্বর ব্যবহারের মাধ্যমে সেবা গ্রহণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

রাফিকুল হাসান

প্রথম সচিব

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

ফোন- ০২-৪৮৩১৮১২০-৬/এক্স-৪১১

ই-মেইল-ss.asycuda@gmail.com